www.abswer.com





# মানুষ মুহম্মদ (স.)

মোহাম্মদ ওয়াজেদ আলী

## গদ্যটির শিখনফল

গদ্যটি অনুশীলন করে শিক্ষার্থীরা যা জানতে পারবে—

- মানুষ মুহম্মদ (স.) সম্পর্কিত মানবীয় গুণাবলি সম্পর্কে ধারণা লাভ করবে।
- হযরত মুহম্মদ (স.)-এর জীবনাদর্শে অনুপ্রাণিত হবে।
- মানবজাতির মর্যাদা প্রতিষ্ঠায় হযরত মুহম্মদ (স.)-এর কৃতিত্ব ও অবদান মূল্যায়ন করতে পারবে।
- মানবজাতির মুক্তি ও শান্তি প্রতিষ্ঠায় মানুষ মুহম্মদ (স.)-এর অবদান ব্যাখ্যা করতে পারবে।
- ইসলাম ধর্ম প্রচার ও প্রতিষ্ঠায় মহানবি হযরত মুহম্মদ (স.)-এর ত্যাগের মহিমা সম্পর্কে জানতে পারবে।
- সত্যের নিবিড় সাধক হিসেবে মহানবি (স.)-এর চারিত্রিক বৈশিষ্ট্য সম্পর্কে ধারণা লাভ করবে।
- 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের লেখকের দৃষ্টিভঙ্গি অনুধাবন করতে পারবে।

## একনজরে লেখক পরিচিতি জেনে নিই



মোহাম্মদ ওয়াজেদ আলী

| | | |
|---|---|---|
| নাম | | মোহাম্মদ ওয়াজেদ আলী। |
| জন্ম পরিচয় | জন্ম সাল | ১৮৯৬ খ্রিস্টাব্দ (২৮শে ভাদ্র ১৩০৩)। |
| | জন্মস্থান | বাঁশদহ, সাতক্ষীরা। |
| পিতৃ-পরিচয় | পিতার নাম | মুনশী মোহাম্মদ ইব্রাহীম। |
| | পেশা | গ্রামীণ ডাক্তার। |
| শিক্ষাজীবন | মাধ্যমিক | এন্ট্রান্স, বাকুলিয়া উচ্চ ইংরেজি বিদ্যালয়। |
| | উচ্চ মাধ্যমিক | এফএ, কলকাতা বঙ্গবাসী কলেজ। |
| | উচ্চতর | বিএ (অসমাপ্ত), কলকাতা বঙ্গবাসী কলেজ। |
| কর্মজীবন | সাংবাদিকতা | দৈনিক আজাদ, দি মুসলমান, মাসিক মোহাম্মদী। |
| | বিভাগীয় সম্পাদক | সাপ্তাহিক মোহাম্মদী, ইংরেজি 'দি মুসলমান', দৈনিক সেবক, সাপ্তাহিক খাদেম, সাপ্তাহিক সওগাত। |
| | ভারপ্রাপ্ত সম্পাদক | দৈনিক মোহাম্মদী। |
| | সম্পাদক | সাম্যবাদী। |
| সাহিত্যকর্ম | | মহামানুষ মুহসীন, মরুভাস্কর, সৈয়দ আহমদ, সিন্দাবাদ হিন্দাবাদ; স্মার্ণানন্দিনী, ছোটদের হযরত মুহম্মদ, নওয়াব আবদুল লতিফ প্রভৃতি। |
| বিশেষ কৃতিত্ব | | আধুনিক বাংলা গদ্য সাহিত্যের মুসলমান লেখকদের মধ্যে তাঁর রচনা শিল্পগুণে গুণান্বিত। সুষ্ঠু, বস্তুনিষ্ঠ, পরিশীলিত ও ঐশ্বর্যমণ্ডিত ভাষা ব্যবহার তাঁর রচনার একটি প্রধান গুণ। |
| জীবনাবসান | | ৮ নভেম্বর, ১৯৫৪ খ্রিস্টাব্দ। |

### প্রশ্নের পরিসংখ্যান

- সৃজনশীল প্রশ্ন — ২৩টি
- জ্ঞানমূলক প্রশ্ন — ৪৫টি
- অনুধাবনমূলক প্রশ্ন — ৩৬টি
- বহুনির্বাচনি প্রশ্ন — ১৭৩টি

### উদ্দীপকের তথ্যসূত্র

- আমাদের মহানবী— হেলেনা খান
- হযরত ওমর— আবদুল মওদুদ
- মানব কল্যাণ— আবুল ফজল
- খেয়া পারের তরণী— কাজী নজরুল ইসলাম
- উমর ফারুক— কাজী নজরুল ইসলাম

www.abswer.com

www.abswer.com



PART 02 পাঠ সহায়ক Supplement

সৃজনশীল ও বহুনির্বাচনি প্রশ্ন নিজে নিজে সহজে উত্তর করার জন্য গুরুত্বপূর্ণ তথ্য সমৃদ্ধ বিভিন্ন পাঠের সমন্বয়ে প্রণীত

## উৎস পরিচিতি (Source)

'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধটি মোহাম্মদ ওয়াজেদ আলী রচিত 'মরুভাস্কর' গ্রন্থ থেকে নেওয়া হয়েছে।

## পাঠের উদ্দেশ্য (Objectives)

মহানবি হযরত মুহম্মদ (স.)-এর মানবিক গুণাবলি উপস্থাপনের মাধ্যমে শিক্ষার্থীকে নৈতিক, সৎ ও মানবিক জীবন গঠনে অনুপ্রাণিত করানো।

## রচনার বক্তব্যবিষয় (Gist)

আধুনিক বাংলা সাহিত্যের মুসলমান লেখকদের মধ্যে মোহাম্মদ ওয়াজেদ আলী অগ্রগণ্যদের একজন। তিনি 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে মহানবি হযরত মুহম্মদ (স.)-এর মানবিক গুণাবলি বিশ্লেষণ করেছেন। হযরত মুহম্মদ (স.) ছিলেন মানুষ এবং মানুষের নবি। তাই মানুষের পক্ষে যা আচরণীয় তিনি তারই আদর্শ প্রতিষ্ঠা করে গেছেন। তিনি বিপুল ঐশ্বর্য, অসীম ক্ষমতা লাভ, মানুষের অগাধ ভালোবাসা ও শ্রদ্ধার মধ্যে থেকেও একজন সাধারণ মানুষের মতো জীবনযাপন করে গেছেন। ক্ষমা ও মহত্ত্ব, প্রেম ও দয়া তাঁর অজস্র চারিত্রিক গুণের মধ্যে প্রধান। তাঁর সারাজীবন মানবজাতির কল্যাণে নিয়োজিত ছিল। মানুষের শ্রেষ্ঠ আদর্শ হিসেবে তিনি তাঁর জীবন রূপায়িত করে তুলেছিলেন। তাঁর সাধনা, ত্যাগ, কল্যাণচিন্তা ছিল বিশ্বের সমগ্র মানুষের জন্য অনুকরণীয়। হযরত মুহম্মদ (স.)-এর মৃত্যুর পর তাঁর অনুসারীদের মধ্যে যে বেদনা ও হতাশা দেখা দিয়েছিল তা প্রশমন করার জন্য হযরত আবুবকর (রা) মহানবি (স.)-এর জীবনের বৈশিষ্ট্য তুলে ধরে শোকাগ্রস্ত মানুষদের শান্ত করেন। মানুষ হিসেবে হযরত মুহম্মদ (স.) বৈশিষ্ট্য আলোচনাই 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের প্রতিপাদ্য বিষয়।

## শব্দার্থ ও টীকা (Word Meaning)

### পাঠ-১ : বোর্ডবইয়ের শব্দার্থ ও টীকা

(জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড প্রকাশিত 'বাংলা সাহিত্য' বইটি দেখ)

### পাঠ-২ : বোর্ডবইয়ের অতিরিক্ত শব্দার্থ ও টীকা

| | | |
|---|---|---|
| মহামতি | – | উদার হৃদয়, অতি উন্নত চরিত্র, মহানুভব। |
| অবিনশ্বর | – | অক্ষয়, অবিনাশী, শাশ্বত। |
| অন্তরীক্ষ | – | আকাশ, গগন, নভোমণ্ডল। |
| মহাযাত্রা | – | মৃত্যু, মহাপ্রয়াণ। |
| চৈতন্য | – | জ্ঞান, চেতনা, অনুভূতি, হুঁশ, প্রকৃত অবস্থা সম্পর্কে জ্ঞান, সচেতন ভাব, সজাগ অবস্থা। |
| আত্মবিস্মৃতি | – | নিজেকে ভুলে যাওয়া, তন্ময় ভাব, আপনার দোষ গুণ বা ক্ষমতা সম্বন্ধে চেতনার অভাব। |
| মূর্ছিত | – | অচেতন, জ্ঞানহারা, লুপ্তচৈতন্য, মূর্ছাগত। |
| আবাল্য | – | বাল্য থেকে, শৈশবাবধি। |
| অসাধারণ | – | সাধারণে দেখা যায় না এমন, অনন্যসাধারণ। |
| বলিষ্ঠ | – | অত্যন্ত বলযুক্ত, শক্তিমান, সবল। |
| রূপলাবণ্য | – | আকৃতিগত সৌন্দর্য, দৈহিক কান্তি। |
| ব্রত | – | তপস্যা, নিয়ম, সংযম, ধর্মানুষ্ঠান, পাপক্ষয় ও পুণ্য লাভের ইচ্ছায় অনুষ্ঠিত ধর্মকর্ম। |
| মধুবর্ষী | – | মধুবর্ষণকর, অতিশয় মধুর। |
| ব্যঞ্জনা | – | প্রকাশনা, দ্যোতনা, শব্দের গূঢ়ার্থ প্রকাশক গুণ। |
| সুদর্শন | – | দেখতে সুন্দর, মনোহর, দর্শনীয়। |
| অজেয় | – | দুর্জয়, জয় করা যায় না এমন। |
| জর্জরিত | – | জীর্ণ, শীর্ণ, নিপীড়িত, ক্ষতবিক্ষত। |
| বসন | – | বস্ত্র, কাপড়, পরিধানের কাপড়, পরিধেয় বস্ত্র। |
| পাদুকা | – | জুতা, খড়ম। |
| অভিসম্পাত | – | অনিষ্ট কামনা, শাপ, অভিশাপ, বদদোয়া। |
| উদ্যত | – | প্রবৃত্ত, নিরত, উন্মুখ, উপক্রমকারী, উদ্যোগী। |
| কাতর | – | বিপন্ন, দুঃখে পীড়িত, অধীর, ব্যাকুল। |
| নির্মম | – | নিষ্ঠুর, হৃদয়হীন, নির্দয়, মমতাশূন্য, স্নেহশূন্য। |
| ঘাতক | – | খুনি, জল্লাদ, হত্যাকারী, হননকারী, আঘাতকারী। |
| আত্মহারা | – | আত্মভোলা, আত্মবিস্মৃত, তন্ময়, বিহ্বল। |
| বিশ্বাসঘাতকতা | – | বিশ্বাস ভঙ্গকরণ, আস্থা ও নির্ভরতা ভঙ্গকরণ। |
| সম্ভ্রান্ত | – | অভিজাত, আশরাফ, কুলীন, মান্য ও মর্যাদাশীল। |
| ললাট | – | কপাল, ভাগ্য, অদৃষ্ট, নিয়তি, অদৃষ্টলিপি। |
| কুঞ্চিত | – | কোঁচকানো, বক্রীকৃত, কোঁকড়া, সংকুচিত। |
| মহিমান্বিত | – | গৌরববিশিষ্ট, মহিমাযুক্ত, মর্যাদাসম্পন্ন। |
| আনুগত্য | – | বশ্যতা, অধীনতা, বাধ্যতা, অনুসরণ, অনুবর্তন। |
| সমুৎসুক | – | অতিশয় আগ্রহ বা জানার ঔৎসুক্য প্রকাশক। |
| মাতম | – | শোক, প্রিয়জনের মৃত্যু ইত্যাদির ফলে দুঃখ। |
| অতন্দ্র | – | নিদ্রাহীন, জাগ্রত, মনোযোগী, উৎসাহী, সতর্ক। |
| মুমূর্ষু | – | মরণাপন্ন, মরণোন্মুখ, মৃত্যুকাল আসন্ন এমন। |
| দুর্লভ | – | দুষ্প্রাপ্য, পাওয়া কঠিন এমন, দুর্মূল্য, মহামূল্য। |
| অনুকরণীয় | – | অনুকরণের যোগ্য, অনুসরণযোগ্য। |
| বরণীয় | – | বরণের যোগ্য, বরণের উপযুক্ত, সম্মানের উপযুক্ত। |

## বানান সতর্কতা (Orthography)

অত্যাচার, অনাত্মীয়, অবিনশ্বর, অস্বীকৃত, আত্মদোষ, আত্মবিশ্বাস, আত্মবিস্মৃতি, আশঙ্কা, ইঙ্গিত, উলঙ্গ, ঊর্ধ্ব, ঋজু, কণ্টক, কান্তশ্রী, কুঞ্চিত, খ্রিষ্টাব্দ, গম্ভীর, গৃহস্থ, তত্ত্বানুসন্ধান, তিতিক্ষা, তীক্ষ্ণ, তৃষ্ণা, দারিদ্র্য, দুগ্ধ, নিঃসৃত, নিঃস্বতা, পঙক্তি, পত্নী, পার্শ্বে, পূর্ণোদার, পৌত্তলিক, পৌরুষ, প্রত্যয়, প্রস্তর, প্রিয়ভাষী, বঙ্গবাসী, বরাঙ্গ, বিশ্বভুবন, বিশ্বস্ত, বৈরী, বৈশিষ্ট্য, ব্যঙ্গবিদ্রূপ, ব্যঞ্জনা, ব্যাঘ্র, মনুষ্যত্ব, মরুভাস্কর, মুমূর্ষু, মুহূর্ত, মোহাম্মদী, রুধিরাক্ত, লাঞ্ছনা, লোষ্ট্রাঘাত, শুষ্ক, শৌর্য, সংকোচ, সত্যান্বেষী, সম্বন্ধ, সম্ভ্রান্ত, সাতক্ষীরা, সান্ত্বনা, সুস্পষ্ট, স্থিতধী, স্বামী, স্বাস্থ্যগত, স্বীকারোক্তি, স্বীকৃতি, স্মরণ, স্মার্ণানন্দিনী, স্মিত।

## চৌম্বক তথ্য (Magnetic Information)

- 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধটি মোহাম্মদ ওয়াজেদ আলীর 'মরুভাস্কর' গ্রন্থ থেকে নেওয়া হয়েছে।
- মোহাম্মদ ওয়াজেদ আলী পরিচ্ছন্ন চিন্তা ও যুক্তিবাদী মনের অধিকারী। তাঁর রচনা সহজ-সরল, প্রকাশভঙ্গি সাবলীল।
- মহামতি আবুবকর (রা.) শেষ পর্যন্ত হযরতের মৃত্যুশয্যার পাশে ছিলেন।
- মহানবি মানবীয় গুণাবলি দ্বারা মানুষের মন আকর্ষণ করেছিলেন।
- মহানবি (স.)-এর জন্ম মক্কার শ্রেষ্ঠ কুরাইশ বংশে।
- হযরতের যোগ্যতা, বুদ্ধি, বিচারশক্তি, বলিষ্ঠ দেহ দেখে মানুষ অবাক হতো।
- সত্যের পক্ষে হযরত মুহম্মদ (স.) ছিলেন বজ্রের মতো কঠিন এবং পর্বতের মতো অটল।
- ক্ষমাশীলতা ছিল হযরতের অন্যতম প্রধান গুণ। শত্রুদের ক্ষমা করে তিনি মধুর প্রতিশোধ গ্রহণ করতেন।
- মহানবি সারাজীবন মানবজাতির কল্যাণে নিয়োজিত ছিলেন।

www.abswer.com

www.abswer.com



## পাঠ বিশ্লেষণ (Text Analysis) — জটিল ও দুরূহ পাঠ সহজীকরণ

▸ **মদিনায় যেন আঁধার ঘনাইয়া আসিল–**
হযরতের মৃত্যুতে মনে হলো যেন সব আলো হারিয়ে গেছে। চারিদিকে চলছে শোকের মাতম, যেন মদিনার সূর্য অস্তমিত হয়েছে, অন্ধকার ঘনিয়ে এসেছে।

▸ **যে বলিবে হযরত মরিয়াছেন, তাহার মাথা যাইবে–**
হযরত মুহম্মদ (স.) মৃত্যুবরণ করলে অনেকে এ সংবাদ সহজভাবে মেনে নিতে পারেননি। অনেকে পাগলের মতো আচরণ করতে থাকেন। এ সময় একজন 'তাহার মৃত্যু হইয়াছে' বলে উঠলে হযরত ওমর (রা.) খোলা তরবারি হাতে আলোচ্য কথাটি বলেন।

▸ **তাহাদের জানা উচিত আল্লাহ অমর, অবিনশ্বর–**
যাঁরা আল্লাহর উপাসনা করেন তাঁদের জানা উচিত আল্লাহ অজর, অমর, অবিনশ্বর। তিনি চিরন্তন শ্রেষ্ঠ সত্য।

▸ **তাঁহারই দিকে সকলের মহাযাত্রা–**
আল্লাহ সর্বময়। পৃথিবীর জন্ম-মৃত্যু সবকিছু তাঁরই নির্দেশে ঘটে। পৃথিবীর যেখানে যা কিছু আছে সবই চলেছে তাঁর পানে।

▸ **আমি তোমাদেরই মতো একজন মানুষ–**
হযরত মুহম্মদ (স.) নিজেকে কখনো সাধারণের থেকে আলাদা ভাবেননি। তাই তিনি একথা বলেছেন।

▸ **মানবীয় গুণাবলি–**
মানুষের যে আচরণ, আদর্শ, গুণ মানুষের মঙ্গলের কথা বলে, মানবিকতার কথা বলে সেগুলো বোঝানো হয়েছে।

▸ **পরহিতব্রতী–**
যিনি অন্যের কল্যাণের জন্য, অন্যকে সুখী করার জন্য সাধনা বা ব্রত করেন; অন্যের কল্যাণই যাঁর ধ্যান-জ্ঞান। মহানবি ছিলেন তেমনই।

▸ **কুটিরস্বামী–**
এখানে কুটিরের মালিক আবু মা'বদকে বোঝানো হয়েছে।

▸ **সুদীর্ঘ কুঞ্চিত কেশপাশ–**
অনেক লম্বা কোঁচকানো বা ঢেউ খেলানো চুল।

▸ **মধুবর্ষী তাঁহার মুখের ভাষণ–**
হযরতের মুখের কথায় যেন মধু ঝরে পড়ত। এমনই সুন্দর করে তিনি কথা বলতেন।

▸ **বলিষ্ঠ পৌরুষের ব্যঞ্জনা তাঁহার অঙ্গে–**
হযরত মুহম্মদ (স.) সুঠাম ও শক্তিশালী দেহের অধিকারী পুরুষ ছিলেন।

▸ **অকুতোভয় বিশ্বাসে তিনি অজেয় হইয়াছিলেন–**
তিনি কোনোকিছুতেই ভয় পেতেন না। এজন্য তাঁর দৃঢ় বিশ্বাস ছিল তিনি কখনই পরাজিত হবেন না।

▸ **করুণায় তিনি ছিলেন কুসুমকোমল–**
হযরত মুহম্মদ (স.) ছিলেন করুণাময়। ফুলের মতো কোমল ছিল তাঁর সত্তা।

▸ **তোমার পতাকা যদি দিয়াছ প্রভু–**
আল্লাহকে হযরত মুহম্মদ (স.) বলছেন– তোমার মাহাত্ম্য প্রচার করতে তোমার নির্দেশ সবাইকে জানানোর দায়িত্ব আমাকে দিয়েছ প্রভু, তা বহন করার অর্থাৎ সেই কাজ করার শক্তি দাও।

▸ **অশরণের শরণ তুমি–**
এ পৃথিবীতে যার আশ্রয় নেই, কোনো বন্ধু নেই আল্লাহই তার পরম আশ্রয়, পরম বন্ধু।

▸ **মানুষের প্রতি প্রেমপুণ্যে উদ্ভাসিত এই সুমহান প্রতিশোধ–**
অজ্ঞানতা ও বর্বরতার বশবর্তী হয়ে হযরত (স.)-কে না চিনে এবং তাঁর মহানুভবতা না জেনে তাঁর উপর নানা অত্যাচার করা হয়েছিল। কিন্তু তিনি সর্ব ক্ষমতা হাতে পেয়েও তাদের ক্ষমা করে মহান প্রতিশোধ নিয়েছিলেন।

## পাঠ্যবইয়ের কর্ম-অনুশীলনমূলক কাজ ও সমাধান — নতুন পাঠ্যবইয়ের আলোকে প্রণীত

**১ হযরত মুহম্মদ (স.)-এর চারিত্রিক বৈশিষ্ট্যের একটি তালিকা তৈরি কর।**

**মানুষ মুহম্মদ (স.)-এর বৈশিষ্ট্য–**

| নং | মূল বিষয় | বৈশিষ্ট্য |
|---|---|---|
| ১. | শারীরিক গঠন | বলিষ্ঠ দেহ, আকর্ষণীয় মুখমণ্ডল, সুদর্শন, সুপুরুষ। |
| ২. | স্নেহপরায়ণতা | অত্যন্ত বিনয়ী, স্নেহশীল, শিশুদের অত্যন্ত আদর করতেন। নিজে উট সেজে তার পিঠে তাঁর দৌহিত্রদের বসাতেন, তাদের নিয়ে খেলতেন। |
| ৩. | সম্মানবোধ | প্রবল আত্মসম্মানবোধসম্পন্ন ছিলেন। ভিক্ষাবৃত্তিকে ঘৃণা করতেন।<br>তিনি একজন ভিক্ষুককে কুঠার দান করে কাঠ কেটে জীবিকা অর্জন ও ভিক্ষা করা ছেড়ে দিতে বলেছিলেন। |
| ৪. | চারিত্রিক দৃঢ়তা | সংকল্পে অটল, অবিচল, নির্লোভ, ত্যাগী, নির্মোহ, অসীম ধৈর্যশীল, সাম্যবাদী, মানবপ্রেমী, অসভব নীতিবোধসম্পন্ন ও বুদ্ধিমত্তার অধিকারী। |
| ৫. | ক্ষমাশীল | অত্যন্ত ক্ষমাশীল। প্রাণঘাতী শত্রুকেও তিনি ক্ষমা করে দিয়েছেন। |
| ৬. | সংস্কারক | নারীর মর্যাদা দান, ইয়াতিমের হক আদায়, মূর্তিপূজা বন্ধ, সমাজে ঘৃণ্য দাসপ্রথা বাতিল ইত্যাদি। |

www.abswer.com

www.abswer.com



PART 03

# অনুশীলন Practice

স্কুল ও এসএসসি পরীক্ষায় সেরা প্রস্তুতির জন্য ১০০% সঠিক ফরম্যাট অনুসরণে অনুচ্ছেদের ধারায় সৃজনশীল ও বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

## সৃজনশীল অংশ CREATIVE SECTION

### পাঠ্যবইয়ের অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও উত্তর

নতুন পাঠ্যবইয়ের আলোকে প্রণীত

**প্রশ্ন ১ ▸ পাঠ্যবইয়ের অনুশীলনীর ১নং সৃজনশীল প্রশ্ন**

হযরত নূহ (আ) ধর্ম ও ন্যায়ের পথে চলার জন্য সকলের প্রতি আহ্বান জানান। এতে মাত্র চল্লিশ জন মানুষ সাড়া দেন। বাকিরা সবাই তাঁর বিরোধিতা শুরু করে নানা অত্যাচারে তাঁকে অতিষ্ঠ করে তোলে। এ অত্যাচারের মাত্রা সহনাতীত হলে তিনি একপর্যায়ে অত্যাচারীর বিরুদ্ধে আল্লাহর কাছে ফরিয়াদ জানান। আল্লাহর হুকুমে তখন এমন বন্যা হয় যে, ঐ চল্লিশ জন বাদে সকল অত্যাচারী ধ্বংস হয়ে যায়।

ক. হযরত মুহম্মদ (স.) কোন বংশে জন্মগ্রহণ করেন? ১

খ. সুমহান প্রতিশোধ বলতে কী বোঝায়? ২

গ. হযরত নূহ (আ) যেদিক দিয়ে হযরত মুহম্মদ (স.) থেকে ভিন্ন তা ব্যাখ্যা কর। ৩

ঘ. হযরত নূহ (আ)-এর চরিত্রে কী ধরনের পরিবর্তন আনলে হযরত মুহম্মদ (স.)-এর একটি বিশেষ গুণ তাঁর মধ্যে ফুটে উঠত? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

**১নং প্রশ্নের উত্তর**

**ক জ্ঞান**

- হযরত মুহম্মদ (স.) মক্কার শ্রেষ্ঠ কুরাইশ বংশে জন্মগ্রহণ করেন।

**খ অনুধাবন**

- 'সুমহান প্রতিশোধ' বলতে হযরত মুহম্মদ (স.)-এর ক্ষমার মাধ্যমে মানুষের প্রতি প্রেমপূর্ণ মনোভাব প্রদর্শন করাকে বোঝানো হয়েছে।
- হযরত মুহম্মদ (স.) সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহামানব। তাঁর শ্রেষ্ঠত্ব তাঁর কর্ম, চিন্তা, ধৈর্য ও সততায় প্রকাশমান। অজ্ঞানতার ঘোর অন্ধকারে মানুষ যখন দিশেহারা, পথভ্রষ্ট, অবক্ষয়ের সর্বশেষ স্তরে উপনীত, তখন তাঁর আগমন। এই জ্যোতির্ময় মহাপুরুষের জীবন কল্যাণাদর্শে চিরভাস্বর। তিনি ছিলেন সংকল্পে অটল, অবিচল, নির্লোভ, ত্যাগী, নির্মোহ, অসীম ধৈর্যশীল, সাম্যবাদী, অসম্ভব নীতিজ্ঞান-বুদ্ধিমত্তার অধিকারী। তিনি ন্যায়বিচারের মূর্ত প্রতীক। তিনি তাঁর উদারতা ও ক্ষমাশীলতা গুণে ঘোর শত্রুকেও ক্ষমা করে দিতেন। তাঁর প্রেমপূর্ণ ক্ষমাই ছিল শত্রুর জন্য সুমহান প্রতিশোধ।

সারকথা : মহানবি হযরত মুহম্মদ (স.) অত্যাচারীদের বিরুদ্ধে প্রতিশোধ নেওয়ার পরিবর্তে তাদের প্রতি প্রেমপূর্ণ মনোভাব প্রদর্শন করতেন।

**গ প্রয়োগ**

- হযরত নূহ (আ) শত্রু ও অত্যাচারীদের ক্ষমা করে সত্যের পথে ফিরিয়ে আনার মানসিকতার দিক দিয়ে হযরত মুহম্মদ (স.) থেকে ভিন্ন।
- মানবতাবাদী মানুষ সবার প্রিয়পাত্র হন। উন্নত চরিত্রের প্রকাশ ঘটিয়ে তিনি সবার বিশ্বাস অর্জন করেন। উদার মানবিকতাবোধসম্পন্ন ক্ষমাশীল ব্যক্তি সহজেই মানুষের মাঝে মানবকল্যাণের বাণী ছড়িয়ে দিতে পারেন। আর সত্য ও ন্যায়ের পথ দেখিয়ে তাদেরকে মনুষ্যত্বের অধিকারী করতে পারেন।
- উদ্দীপকে শত্রুর অত্যাচারে হযরত নূহ (আ) অত্যাচারকারীদের ধ্বংসের জন্য যে প্রার্থনা করেছিলেন, সে বিষয়টি বর্ণনা করা হয়েছে। তাঁর প্রতি বিশ্বাসী মাত্র চল্লিশজন মানুষ ছাড়া বাকিরা আল্লাহর হুকুমে ধ্বংস হয়ে যায়। এখানে হযরত নূহ (আ)-এর অধৈর্যশীলতা এবং মানবতাবোধের দীনতা প্রকাশ পেয়েছে। এই বিষয়টি হযরত মুহম্মদ (স.)-এর আচরণের সম্পূর্ণ বিপরীত এবং ভিন্ন। কারণ হযরত মুহম্মদ (স.) শত্রুর প্রচণ্ড অত্যাচারে জর্জরিত হয়েও তার ধ্বংস কামনা করতেন না। বরং তাদের অপরাধ ক্ষমা করে দেওয়ার জন্য আল্লাহর কাছে প্রার্থনা করতেন; বলতেন— এদের জ্ঞান দাও প্রভু, এদের ক্ষমা কর।

সারকথা : হযরত মুহম্মদ (স.) ছিলেন সর্বকালের শ্রেষ্ঠ মহামানব। তাঁর এই শ্রেষ্ঠত্ব তাঁর কর্ম, চিন্তা, ধৈর্য ও সততায় প্রকাশমান, চির উজ্জ্বল। উদ্দীপকের হযরত নূহ (আ)-এর সেই ধৈর্য এবং অত্যাচারীর প্রতি উদারতা প্রদর্শন করে তাকে ক্ষমা করে দেওয়ার মতো মহৎ গুণ ছিল না।

**ঘ উচ্চতর দক্ষতা**

- হযরত নূহ (আ)-এর চরিত্রে অস্থির ও অসহিষ্ণুতার পরিবর্তে ধৈর্যশীলতা, ক্ষমাশীলতা ও উদারতার সমাবেশ ঘটলে হযরত মুহম্মদ (স.)-এর একটি বিশেষ গুণ তাঁর মধ্যে ফুটে উঠত।
- পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠা করতে হলে অসহিষ্ণু মনোভাব পরিহার করে ধৈর্যশীল হতে হবে। উদারতা দিয়ে মানুষকে কল্যাণের পথে আহ্বান করতে হবে। অজ্ঞতা, কুসংস্কার, অন্যায় ও অত্যাচারের অবসান ঘটিয়ে স্রষ্টার নির্দেশিত পথে সবাইকে এগিয়ে নেওয়ার জন্য মহৎ ও ক্ষমাশীল হতে হবে। এই পৃথিবীতে যাঁরা মহৎ হিসেবে আমাদের কাছে অনুকরণীয় তাঁরা সবাই ক্ষমাশীল ছিলেন।
- উদ্দীপকে হযরত নূহ (আ)-এর অসহিষ্ণু মনোভাব ও উদারতার অভাবের দিকটি প্রকাশ পেয়েছে। তিনি যাদের সত্যের পথে আহ্বান করেছিলেন, তাদের মধ্যে যারা তাঁর বিরোধিতা করে তাঁর শত্রুতে পরিণত হয়েছিলেন তিনি তাদের ক্ষমা করে দিয়ে তাঁর ধৈর্য ও সহিষ্ণুতা দিয়ে মানবিকবোধে উন্নীত করতে পারেননি। তিনি স্রষ্টার কাছে তাঁদের ধ্বংসের জন্য প্রার্থনা করেছেন। কিন্তু মহানবি হযরত মুহম্মদ (স.) শত্রুকে নিশ্চিহ্ন করে দেওয়ার জন্য কখনো আল্লাহর কাছে প্রার্থনা করেননি। প্রার্থনা করেছেন তাদেরকে ক্ষমা করে দেওয়ার জন্য।

www.abswer.com

www.abswer.com



- হযরত মুহম্মদ (স.) শত্রুর অত্যাচারে জর্জরিত হয়েও তাকে অভিশাপ দিতেন না, তার ধ্বংস চাইতেন না। তিনি তাকে হত্যা করতে আসা চরম শত্রুকে ক্ষমা করে দিয়ে তাকে সত্য ও ন্যায়ের পথে নিয়ে আসতেন। হযরত নূহ (আ) যদি তাঁর মতো ধৈর্যশীল, উদার ও ক্ষমাশীল হতেন তাহলে তাঁরও হযরত মুহম্মদ (স.)-এর মতো বিশেষ গুণ ফুটে উঠত।

সারকথা : ধৈর্য ও ক্ষমা মহৎ গুণ। এ গুণের অধিকারী হলে জগতের কল্যাণকর কাজে আত্মনিয়োগ করা যায়। উদ্দীপকের নূহ (আ) এই গুণের অধিকারী হলে তিনিও হযরত মুহম্মদ (স.)-এর মতো শ্রেষ্ঠ গুণের অধিকারী হতেন।

## সকল বোর্ডের এসএসসি পরীক্ষার সৃজনশীল প্রশ্ন ও উত্তর — বোর্ড পরীক্ষক প্যানেল কর্তৃক প্রণীত

### প্রশ্ন ২ ▶ সিলেট বোর্ড ২০২০

অর্ধ পৃথিবী করেছ শাসন ধুলার তখতে বসি
খেজুর পাতার প্রাসাদ তোমার বারে বারে গেছে খসি
সাইমুম ঝড়ে। পড়েছে কুটির, তুমি পড়নি ক' নুয়ে,
উর্ধ্বের যারা– পড়েছে তাহারা, তুমি ছিলে খাড়া ভূঁয়ে।
শত প্রলোভন বিলাস বাসনা ঐশ্বর্যের মদ
করেছে সালাম দূর হতে সব ছুঁইতে পারেনি পদ।

ক. 'পুলকদীপ্তি' অর্থ কী? ১
খ. মানুষের একজন হইয়াও হযরত মুহম্মদ (স) দুর্লভ কেন? ২
গ. 'মানুষ মুহম্মদ (স)' প্রবন্ধের সাথে উদ্দীপকের সাদৃশ্য কোথায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের চেয়ে 'মানুষ মুহম্মদ (স)' প্রবন্ধের ভাব অধিকতর গভীর ও ব্যাপক"– মন্তব্যটির সাথে তুমি কি একমত? যুক্তিসহ লেখ। ৪

#### ২নং প্রশ্নের উত্তর

**ক জ্ঞান**

- 'পুলকদীপ্তি' অর্থ আনন্দের উদ্ভাস।

**খ অনুধাবন**

- মহানবি (স.) মানুষের একজন হয়েও দুর্লভ। কারণ তিনি মানবিক গুণাবলির দিক দিয়ে এক ব্যতিক্রম আদর্শ, যা অন্য কোনো মানুষের মধ্যে খুঁজে পাওয়া যায় না।
- হযরত মুহম্মদ (স.) ছিলেন মানুষের নবি। তিনি বিপুল ঐশ্বর্য, ক্ষমতা, মানুষের ভালোবাসা ও শ্রদ্ধার মধ্যে থেকেও একজন সাধারণ মানুষের মতো জীবনযাপন করে গেছেন। মহত্ত্ব, প্রেম, দয়া, সাধুতা, ত্যাগ তাঁর অজস্র চারিত্রিক গুণের মধ্যে প্রধান। তিনি ছিলেন সাহসী, তীক্ষ্ণ দৃষ্টি, ক্ষমা ও সৌজন্যের আদর্শ। একজন মানুষের মধ্যে একসঙ্গে এত গুণের সমাবেশ অতি দুর্লভ। তিনি মানুষের শ্রেষ্ঠ আদর্শ। মানবসভ্যতার ইতিহাসে মহানবি (স) অত্যন্ত অসাধারণ চরিত্র। তাই বলা হয়েছে, মহানবি (স.) মানুষের মধ্যে একজন হয়েও দুর্লভ।

সারকথা : হযরত মুহম্মদ (স.) ছিলেন সর্বশ্রেষ্ঠ মানব ও সর্বশেষ নবি।

**গ প্রয়োগ**

- অনাড়ম্বর জীবনযাপনের দিক দিয়ে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের সাথে উদ্দীপকের সাদৃশ্য রয়েছে।
- মহানবি হযরত মুহম্মদ (স.)-এর জীবন পৃথিবীর সমস্ত মানুষের জন্য আদর্শ। উন্নত চরিত্র ও মানবীয় গুণাবলির জন্য তিনি সবার কাছে প্রিয়। তাঁর মতো মহৎ গুণসম্পন্ন মানুষ পৃথিবীতে বিরল।
- 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে দেখা যায় হযরত মুহম্মদ (স.) নিজেকে সব সময় একজন সাধারণ মানুষ মনে করতেন। তিনি ইচ্ছে করলেই অনেক প্রাচুর্য ও ভোগবিলাসের মধ্য দিয়ে জীবনযাপন করতে পারতেন। অথচ তিনি তা করেননি। তিনি রাজা বা সম্রাট নন বলে স্পষ্ট জানিয়ে দেন। তিনি আরও বলেন, তিনি খুব সাধারণ একজন মানুষ। তিনি স্বেচ্ছায় দারিদ্র্যের কণ্টক মুকুট ধারণ করেন। উদ্দীপকের কবিতাংশেও এমনই আড়ম্বরহীন জীবনযাপনের কথা প্রকাশ পেয়েছে। যেখানে একজন মহান নেতা অর্ধ পৃথিবী শাসন করেছেন ধুলার সিংহাসনে বসে। সাইমুম ঝড়ে যার ঘর বারবার ভেঙে গেছে। শত ঐশ্বর্য, বিলাস তাঁকে প্রলোভিত করলেও তাঁকে কিছুই ছুঁতে পারেনি। তাই বলা যায় যে, অনাড়ম্বর জীবনযাপনের দিক দিয়ে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের সাথে উদ্দীপকের সাদৃশ্য রয়েছে।

সারকথা : উদ্দীপকে একজন নেতার যে অনাড়ম্বর জীবনের কথা বলা হয়েছে তাঁর সঙ্গে আলোচ্য প্রবন্ধের হযরত মুহম্মদ (স.)-এর অনাড়ম্বর জীবনের সাদৃশ্য রয়েছে।

**ঘ উচ্চতর দক্ষতা**

- "উদ্দীপকের চেয়ে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের ভাব অধিকতর গভীর ও ব্যাপক।"– মন্তব্যটি যথার্থ।
- সততা, ক্ষমাশীলতা, সহনশীলতা মানুষের মানবীয় গুণ। এসব গুণ একজন মানুষকে মহান করে তোলে। মানবকল্যাণে আত্মনিয়োগ করা ব্যক্তিই সৃষ্টির সেরা জীব।
- উদ্দীপকে একজন নেতার অনাড়ম্বর জীবনযাপনের দিকটি প্রকাশ পেয়েছে। শত ঐশ্বর্য আর বিলাসী জীবন ভোগ করার সুযোগ থাকার পরও তিনি একজন সাধারণ মানুষের মতো জীবনযাপন করেছেন। কোনো লোভ-লালসা তাকে ছুঁতে পারেনি। এই বিষয়টি 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে হযরত মুহম্মদ (স.)-এর মধ্যেও প্রকাশ পেয়েছে। তিনিও আড়ম্বরহীন জীবনযাপন করেছেন। কিন্তু এ বিষয়টি ছাড়াও আলোচ্য প্রবন্ধে তাঁর মৃত্যু সংবাদে মদিনাবাসীর শোক, ইসলাম প্রচার করতে গিয়ে শত্রুর দ্বারা আক্রান্ত হওয়া, শত্রুকে ক্ষমা করে দেওয়া ইত্যাদি বিষয়ের প্রকাশ ঘটেছে।
- উদ্দীপকে আলোচ্য রচনার হযরত মুহম্মদ (স.)-এর জীবনযাপনের একটি দিক প্রকাশ পেয়েছে মাত্র। এ বিষয়টি ছাড়াও তাঁর জীবন ছিল বৈচিত্র্যপূর্ণ। তিনি ছিলেন মহৎ, ক্ষমাশীল, মানবিক, সহনশীল, সৎ ও উদার। তার এসব বৈশিষ্ট্য আলোচ্য প্রবন্ধে অধিকতর গভীর করে তুলেছে, যা উদ্দীপকে অনুপস্থিত। তাই বলা যায় যে, প্রশ্নোক্ত মন্তব্যটি যথার্থ।

সারকথা : উদ্দীপকে একজন নেতার অনাড়ম্বর জীবনের দিকটি প্রকাশ পেয়েছে। এ বিষয়টি আলোচ্য প্রবন্ধের একটি গুরুত্বপূর্ণ বিষয়। কিন্তু এ বিষয়টি ছাড়াও প্রবন্ধে তাঁর আরও অনেক গুণের কথা প্রকাশ পেয়েছে, যা প্রবন্ধটি আরও গভীর ভাব প্রকাশ করে।

www.abswer.com

www.abswer.com



**প্রশ্ন ৩ ▸ সকল বোর্ড ২০১৮**

শত্রুর প্রলোভনে পড়ে ইমাম হাসান (রঃ)-কে তাঁর প্রিয়তমা স্ত্রী জায়েদা বিষ প্রয়োগ করেন। মৃত্যুপথযাত্রী ইমাম হাসান (রঃ) বিষয়টি জানতে পেরেও তা গোপন রাখেন। তাঁর অনুজ বিষদাতার নাম জানতে চাইলে তিনি তাতে অস্বীকৃতি জানান এবং ভবিষ্যতে জানতে পারলেও তাকে ক্ষমা করতে বলেন।

ক. ছাত্রজীবনে মোহাম্মদ ওয়াজেদ আলী কোন আন্দোলনে যোগ দিয়েছিলেন? ১

খ. 'মানুষের একজন হইয়াও মুহম্মদ (স.) দুর্লভ'– কথাটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে ইমাম হাসান (রঃ)-এর চরিত্রে হযরত মুহম্মদ (স.)-এর যে মহৎ গুণের প্রভাব পড়েছে তা 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের প্রতিফলিত গুণটি হযরত মুহম্মদ (স.)-এর পরিপূর্ণ গুণের অংশবিশেষ।"– উক্তিটি মূল্যায়ন কর। ৪

**৩নং প্রশ্নের উত্তর**

**ক জ্ঞান**

- ছাত্রজীবনে মোহাম্মদ ওয়াজেদ আলী 'অসহযোগ আন্দোলনে' যোগ দিয়েছিলেন।

**খ অনুধাবন**

- মহানবি (স.) মানুষের একজন হয়েও দুর্লভ। কারণ তিনি মানবিক গুণাবলির এক ব্যতিক্রম আদর্শ ও সৌন্দর্যের অধিকারী ছিলেন, যা অন্য কোনো মানুষের মধ্যে খুঁজে পাওয়া যায় না।
- হযরত মুহম্মদ (স.) ছিলেন মানুষের নবি। তিনি বিপুল ঐশ্বর্য, ক্ষমতা, মানুষের ভালোবাসা ও শ্রদ্ধার মধ্যে থেকেও একজন সাধারণ মানুষের মতো জীবনযাপন করে গেছেন। মহত্ত্ব, প্রেম, দয়া, সাধুতা, ত্যাগ তাঁর অজস্র চারিত্রিক গুণের মধ্যে প্রধান। তিনি ছিলেন সাহসী, তীক্ষ্ণ দৃষ্টি, ক্ষমা ও সৌজন্যের আদর্শ। একজন মানুষের মধ্যে একসঙ্গে এত গুণের সমাবেশ অতি দুর্লভ। তিনি মানুষের শ্রেষ্ঠ আদর্শ। তাই বলা হয়েছে, মহানবি (স.) মানুষের মধ্যে একজন হয়েও দুর্লভ।

> সারকথা : হযরত মুহম্মদ (স.)-এর চরিত্রে অজস্র মহান গুণের সমাবেশ ঘটেছে বলেই মানুষের একজন হয়েও তিনি দুর্লভ।

**গ প্রয়োগ**

- উদ্দীপকে ইমাম হাসান (রা.)-এর চরিত্রে হযরত মুহম্মদ (স.)-এর ক্ষমাশীলতার মহৎ গুণের প্রভাব পড়েছে।
- ক্ষমা মহৎ গুণ। মানব চরিত্রে এ গুণের প্রভাব গুরুত্বপূর্ণ। সত্য ও ন্যায়ের পথে যাঁরা চলেন তাঁদের মধ্যে যেসব মানবীয় গুণের পরিচয় পাওয়া যায়, সেগুলোর মধ্যে ক্ষমা অন্যতম। মহৎপ্রাণ ব্যক্তিরা সীমাহীন নির্যাতন ভোগ করেও মানুষকে ক্ষমা করে দিয়েছেন। অন্যায়কারীকে সংশোধনের জন্য ক্ষমার আদর্শ স্থাপন করেছেন।
- উদ্দীপকে অন্যের প্ররোচনায় বিষপান করিয়ে জায়েদার স্বামীকে হত্যা করা এবং মৃত্যুর পূর্বে স্ত্রীকে ক্ষমা করে দেওয়ার বিষয় বর্ণিত হয়েছে। স্ত্রীকে ক্ষমা করে দেওয়ার মধ্য দিয়ে ইমাম হাসান (রা.)-এর চরিত্রে হযরত মুহম্মদ (স.)-এর ক্ষমাশীলতার মতো মহৎ গুণের প্রভাব লক্ষ করা যায়। 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে দেখা যায় মহানবি হযরত মুহম্মদ (স.) ইসলাম প্রচার করতে গিয়ে শত্রুর আঘাতে ক্ষত-বিক্ষত হয়েছেন। কিন্তু কখনো তাদের ওপর অভিসম্পাত করেননি। তিনি তাদের জন্য আল্লাহ্‌র কাছে জ্ঞান প্রার্থনা করেছেন। নিজে ক্ষমা করে দিয়ে আল্লাহ্‌কেও ক্ষমা করে দিতে বলেছেন। তাই বলা যায় যে, উদ্দীপকে ইমাম হাসান (রা.)-এর মধ্যে মহানবি হযরত মুহম্মদ (স.)-এর ক্ষমাশীলতার মতো মানবীয় গুণের প্রভাব পড়েছে।

> সারকথা : মহানবি হযরত মুহম্মদ (স.) ছিলেন ক্ষমাশীলতার মূর্তপ্রতীক। তাঁর ক্ষমাশীলতার এ দিকটি উদ্দীপকে বর্ণিত ইমাম হাসান (রা.)-এর চরিত্রে প্রতিফলিত হয়েছে।

**ঘ উচ্চতর দক্ষতা**

- "উদ্দীপকের প্রতিফলিত গুণটি হযরত মুহম্মদ (স.)-এর পরিপূর্ণ গুণের অংশবিশেষ।"– মন্তব্যটি যথার্থ।
- জগতে যাঁরা মানবকল্যাণে আত্মনিয়োগ করেন, তাঁরা একদিকে সত্যের সাধক অন্যদিকে উদার ও ক্ষমাশীল হয়ে থাকেন। তাঁরা মানুষকে সত্য ও ন্যায়ের পথে আহ্বান করেন। জগতের সমস্ত মন্দ কাজ থেকে, অকল্যাণ ও অশুভ থেকে মানুষকে বিরত করেন। তাঁরা ক্ষমা, মহত্ত্ব, প্রেম, দয়া ইত্যাদি মানবীয় গুণের অধিকারী হন।
- উদ্দীপকে ইমাম হাসান (রা.)-এর মধ্যে ক্ষমাশীলতার দিকটি ফুটে উঠেছে। তিনি তাঁর বিষদানকারী স্ত্রী জায়েদাকে ক্ষমা করে দিয়েছেন। এই দিকটি হযরত মুহম্মদ (স.)-এর ক্ষমাশীলতার সঙ্গে সাদৃশ্যপূর্ণ। এই দিকটি ছাড়া 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে বর্ণিত মহানবি (স.)-এর অন্যান্য গুণ এখানে তেমনভাবে প্রকাশ পায়নি। ক্ষমা মহানবি (স.)-এর মানবীয় গুণাবলির মধ্যে অন্যতম। ক্ষমাশীলতা ছাড়াও তিনি সত্যবাদী, ধৈর্যশীল, পরোপকারী, আর্তের সেবাদানকারী, অন্যের আমানত রক্ষাকারী হিসেবে সুপরিচিত ছিলেন। তাঁর এসব মহৎ গুণের পরিচয় উদ্দীপকে নেই। মানুষের প্রতি ভালোবাসা ও শ্রদ্ধার মধ্যে থেকে তিনি মানবীয় গুণাবলি দ্বারা দুর্লভ হয়েছিলেন। তাঁর মানবপ্রেম, সত্যনিষ্ঠা ও দয়ার দিকটিও উদ্দীপকে প্রকাশ পায়নি।
- 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে হযরত মুহম্মদ (স.)-এর মানবিক গুণাবলির যে প্রকাশ ঘটেছে, তা উদ্দীপকে ঘটেনি। সেখানে 'ক্ষমাশীলতার' দিকটি বিশেষভাবে তুলে ধরা হয়েছে। মহানবি (স.)-এর অন্যান্য মানবীয় গুণ সেখানে অনুপস্থিত বলে আমরা বলতে পারি যে, প্রশ্নোক্ত মন্তব্যটি যথার্থ।

> সারকথা : মহানবি হযরত মুহম্মদ (স.)-এর ক্ষমা, মহত্ত্ব, দয়া, প্রেম, সাধুতা, ত্যাগ ইত্যাদি তাঁর অজস্র চারিত্রিক গুণের মধ্যে অন্যতম। এগুলোর প্রায় সবই 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে নির্দেশিত হয়েছে। অন্যদিকে উদ্দীপকে কেবল ক্ষমাশীলতার বিষয়টি প্রকাশ পেয়েছে।



www.abswer.com

www.abswer.com



**প্রশ্ন ৪ ▶ কুমিল্লা বোর্ড ২০১৭**

বৃদ্ধ রজব আলির বাড়ির চাকর শহিদুল। একদিন মনিবের টাকা চুরি করে সে ছেলেকে বিদেশে পাঠায়। রজব আলির মৃত্যুশয্যায় শহিদুল অনুতপ্ত হয়ে তাঁর নিকট সব কথা খুলে বললে রজব আলি শহিদুলকে বুকে জড়িয়ে ধরে বলেন, তুমি তোমার ভুল বুঝতে পেরেছ, এতেই আমি খুশি।

ক. 'মানুষ মুহম্মদ (স.)' রচনাটি কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে? ১
খ. 'মানুষের একজন হইয়াও তিনি দুর্লভ'— কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের রজব আলি চরিত্রে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে উল্লিখিত মহানবি (স.)-এর কোন গুণটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ফুটে ওঠা গুণটির বাইরে মহানবি (স.)-এর আরও গুণের সমাবেশ পঠিত প্রবন্ধে রয়েছে। বক্তব্যটি মূল্যায়ন কর। ৪

**৪নং প্রশ্নের উত্তর**

**ক জ্ঞান**

- 'মানুষ মুহম্মদ (স.)' রচনাটি 'মরুভাস্কর' গ্রন্থ থেকে নেওয়া হয়েছে।

**খ অনুধাবন**

- মহানবি (স.) মানুষের একজন হয়েও দুর্লভ। কারণ তিনি মানবিক গুণাবলির দিক দিয়ে এক ব্যতিক্রম আদর্শ, যা অন্য কোনো মানুষের মধ্যে খুঁজে পাওয়া যায় না।
- হযরত মুহম্মদ (স.) ছিলেন মানুষের নবি। তিনি বিপুল ঐশ্বর্য, ক্ষমতা, মানুষের ভালোবাসা ও শ্রদ্ধার মধ্যে থেকেও একজন সাধারণ মানুষের মতো জীবনযাপন করে গেছেন। মহত্ত্ব, প্রেম, দয়া, সাধুতা, ত্যাগ তাঁর অজস্র চারিত্রিক গুণের মধ্যে প্রধান। তিনি ছিলেন সাহসী, তীক্ষ্ণ দৃষ্টি ক্ষমা ও সৌজন্যের আদর্শ। একজন মানুষের মধ্যে একসঙ্গে এত গুণের সমাবেশ অতি দুর্লভ। তিনি মানুষের শ্রেষ্ঠ আদর্শ। মানবসভ্যতার ইতিহাসে মহানবি (স) অত্যন্ত অসাধারণ চরিত্র। তাই বলা হয়েছে, মহানবি (স.) মানুষের মধ্যে একজন হয়েও দুর্লভ।

> সারকথা : হযরত মুহম্মদ (স.) ছিলেন সর্বশ্রেষ্ঠ মানব ও সর্বশেষ নবি।

**গ প্রয়োগ**

- উদ্দীপকের রজব আলি চরিত্রে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে উল্লিখিত মহানবি (স.)-এর ক্ষমাশীল গুণটি ফুটে উঠেছে।
- মানুষের যত মানবিক গুণ রয়েছে সেগুলোর মধ্যে ক্ষমা অন্যতম। মহৎ ও উদার ব্যক্তিরা ক্ষমাশীল হন। তাঁরা অন্যের দোষ ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখেন। এ কারণে তাঁরা সবার কাছে সম্মানিত হন।
- 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে হযরত মুহম্মদ (স.)-এর মানবিক গুণাবলির প্রকাশ ঘটেছে। ইসলামের সুমহান বাণী প্রচার করতে গিয়ে হযরত মুহম্মদ (স.) অজস্র নির্যাতন সহ্য করেন। কিন্তু তিনি কখনো কাউকে আঘাত করেননি, কাউকে অভিশাপ দেননি। তাদের ক্ষমা করে ভাই বলে বুকে টেনে নিয়েছেন। উদ্দীপকে রজব আলি চরিত্রে এই ক্ষমাশীলতা প্রকাশ পেয়েছে। চাকর শহিদুল তাঁর কাছে টাকা চুরির অপরাধ স্বীকার করলে তিনি তাকে ক্ষমা করে দেন। তিনি শহিদুলকে বুকে জড়িয়ে নেন। তাই বলা যায় যে, উদ্দীপকের রজব আলি চরিত্রে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে উল্লিখিত মহানবি (স.)-এর ক্ষমাশীল গুণটি ফুটে উঠেছে।

> সারকথা : উদ্দীপকের রজব আলি চরিত্রে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে উল্লিখিত মহানবি (স.)-এর ক্ষমাশীল গুণটি ফুটে উঠেছে।

**ঘ উচ্চতর দক্ষতা**

- উদ্দীপকে ফুটে ওঠা গুণটির বাইরে মহানবি (স.)-এর আরও গুণের সমাবেশ পঠিত প্রবন্ধে রয়েছে।— বক্তব্যটি যথার্থ।
- এই পৃথিবীতে বিভিন্ন ধরনের মানুষ বাস করে। যেমন রয়েছে স্বার্থপর, অহংকারী মানুষ তেমনই রয়েছে মহৎ, বিনয়ী, নম্র ও নিরহংকারী মানুষ। তাঁদের জন্য পৃথিবী, সমাজ ও সংসার হয় সুন্দর।
- উদ্দীপকে চুরির কথা স্বীকার করায় চাকর শহিদুলকে রজব আলি ক্ষমা করে দিয়ে ক্ষমার মহত্ত্ব স্থাপন করেন। 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধেও আমরা হযরত মুহম্মদ (স.)-এর অসাধারণ ক্ষমাশীলতার কথা জানতে পারি। কিন্তু এই একটিমাত্র গুণের কথা ছাড়াও আলোচ্য প্রবন্ধে মহানবি (স.)-এর আরও মহৎ গুণাবলি যেমন— মানবপ্রেম, সত্যনিষ্ঠা, দয়া, পরোপকারিতা ইত্যাদি প্রকাশ পেয়েছে।
- উদ্দীপকে রজব আলি শহিদুলকে ক্ষমা করে ক্ষমার দৃষ্টান্ত স্থাপন করেন, যা মহানবি (স.)-এর একটি গুণের প্রকাশ ঘটায়। অন্যদিকে আলোচ্য প্রবন্ধে মহানবি (স.)-এর আরও অনেক গুণের সমাবেশ ঘটেছে, যা উদ্দীপকে প্রকাশ পায়নি। তাই বলা যায় যে, প্রশ্নোক্ত বক্তব্যটি যথার্থ।

> সারকথা : উদ্দীপকে শুধু ক্ষমাশীলতার কথা প্রকাশ পেয়েছে; কিন্তু প্রবন্ধে মহানবি (স.)-এর দয়াশীলতা, মানবসেবা, সত্যবাদিতা ইত্যাদি মহৎ গুণের কথাও প্রকাশ পেয়েছে।

www.abswer.com

www.abswer.com



প্রশ্ন ৫ ▸ চট্টগ্রাম বোর্ড ২০১৭

সমাজে অসামাজিক কার্যকলাপ ও মাদকের ভয়াবহ ব্যবহার দেখে কলেজ পড়ুয়া তিন যুবক আরমান, শফিক ও জব্বার যুবসমাজকে এর হাত থেকে বাঁচাতে সামাজিক আন্দোলন চালিয়ে যাবার সিদ্ধান্ত নেয়। কিছু ক্ষেত্রে তারা সফলতা পেলেও অধিকাংশ ক্ষেত্রেই তাদেরকে প্রবল বাধার সম্মুখীন হতে হয়। এমনকি শারীরিক নির্যাতনসহ অপমানিতও হতে হয়। তবুও তারা দৃঢ়প্রতিজ্ঞ যত বাধাই আসুক এ আন্দোলন তারা চালিয়ে যাবেই।

ক. তায়েফের অবস্থান কোথায়? ১
খ. খাদিজা (রহ.)-এর হযরত মুহম্মদ (স) কে পছন্দ করার কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে 'মানুষ মুহম্মদ (স)' প্রবন্ধের কোন ঘটনার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত যুবকদের কর্মকাণ্ডে মুহম্মদ (স.) চরিত্রের মানবীয় গুণাবলির সকল দিক চিত্রিত হয়েছে কি? যৌক্তিক মতামত দাও। ৪

## ৫নং প্রশ্নের উত্তর

### ক জ্ঞান

- তায়েফের অবস্থান সৌদি আরবের দক্ষিণে।

### খ অনুধাবন

- খাদিজা (রহ.)-এর হযরত মুহম্মদ (স.)-কে পছন্দ করার কারণ হযরত মুহম্মদ (স.)-এর সৎ গুণাবলি।
- হযরত মুহম্মদ (স.) জনমদুঃখী হয়েই এই বিশ্বসংসারে এসেছিলেন। তাঁর জীবনের সেই বেদনা তাঁর শারীরিক সৌন্দর্য ও চারিত্রিক গুণাবলির সঙ্গে মিশে তাঁকে সবার একান্ত প্রিয় করে তুলেছিল। হযরত মুহম্মদ (স.)-এর যোগ্যতা, বুদ্ধি, বিচারশক্তি, বিচক্ষণতা, মানুষের প্রতি প্রেম প্রভৃতি দেখে মানুষ মুগ্ধ হতো। তাঁর এসব গুণই বিবি খাদিজাকে আকৃষ্ট করেছিল।

সারকথা : মহানবি (স)-এর মহান গুণাবলির জন্যই বিবি খাদিজা তাঁর প্রতি আকৃষ্ট হয়েছিলেন।

### গ প্রয়োগ

- উদ্দীপকের সঙ্গে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের তায়েফে সত্য প্রচার করতে গিয়ে শত্রু দ্বারা মহানবি (স.)-এর নির্যাতিত হওয়ার এবং পুনরায় দ্বিগুণ উৎসাহে সত্য প্রচারে ব্রতী হওয়ার ঘটনার সাদৃশ্য রয়েছে।
- সততা, সহনশীলতা, ক্ষমাশীলতা মানুষের পরম গুণ। এসব গুণ মানুষকে মহৎ করে তোলে। মানুষ মিথ্যা ও অন্যায়ের বিরুদ্ধে লড়াই করতে পারে। এসব গুণের সমাবেশ ঘটলেই মানুষ সত্য প্রতিষ্ঠা করতে পারে।
- উদ্দীপকের কলেজ পড়ুয়া যুবকরা যুবসমাজকে মাদকের ভয়াবহতা থেকে বাঁচাতে আন্দোলন চালানোর সিদ্ধান্ত নেয়। কিছুটা সফলতা পেলেও তারা শারীরিক নির্যাতনসহ প্রবল বাধার সম্মুখীন হয়। তবুও তারা আন্দোলন চালিয়ে যেতে দৃঢ়প্রতিজ্ঞ। 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে বলা হয়েছে, মহানবি (স.) যখন তায়েফে সত্য প্রচার করতে যান তখন শত্রুর পাথরের আঘাতে তিনি অবসন্ন হয়ে পড়েন। রক্তে রক্তে তাঁর সমস্ত কাপড় ভিজে যায়। শরীর বেয়ে রক্ত গড়িয়ে পড়ে তবুও তিনি থেমে থাকেন না, দ্বিগুণ উৎসাহে চলতে থাকেন। কারণ সত্য প্রকাশে তিনি বদ্ধপরিকর। তাই বলা যায় যে, উদ্দীপকের সঙ্গে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের তায়েফে সত্য প্রচার করতে গিয়ে শত্রু দ্বারা মহানবি (স.)-এর নির্যাতিত হওয়ার ও পুনরায় দ্বিগুণ উৎসাহে সত্য প্রচারে ব্রতী হওয়ার ঘটনার সাদৃশ্য রয়েছে।

সারকথা : উদ্দীপকের যুবকরা ও 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের হযরত মুহম্মদ (স.) নির্যাতিত হয়েও নিজ নিজ কাজ নিষ্ঠার সঙ্গে পালন করেছেন।

### ঘ উচ্চতর দক্ষতা

- না, উদ্দীপকে উল্লিখিত যুবকদের কর্মকাণ্ডে মুহম্মদ (স.) চরিত্রের মানবীয় গুণাবলির সব দিক চিত্রিত হয়নি।
- মানুষ সৃষ্টির শ্রেষ্ঠ জীব। জন্মগ্রহণ করলেই মানুষ হওয়া যায় না। মানুষ তখনই মানুষ হয়ে ওঠে যখন সে মানবকল্যাণে আত্মনিয়োগ করে এবং তার মধ্যে মানবীয় গুণাবলির বহিঃপ্রকাশ ঘটে।
- উদ্দীপকের তিন যুবক আরমান, শফিক ও জব্বার তাদের কর্মকাণ্ডের মধ্য দিয়ে বেশকিছু মানবীয় গুণের প্রকাশ ঘটিয়েছেন। এই তিন যুবকের মধ্যে প্রকাশ পেয়েছে মানবপ্রেম, স্বদেশপ্রেম, সহিষ্ণুতা, ক্ষমাশীলতা, উদারতা ইত্যাদি। অন্যদিকে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে মহানবি (স.)-এর চরিত্রে প্রকাশ পেয়েছে ক্ষমাশীলতা, মহত্ত্ব, প্রেম, সহিষ্ণুতা, দয়া, কল্যাণচিন্তা ও ত্যাগী মনোভাব, সত্যবাদিতা, বিশ্বস্ততা, তীক্ষ্ণ বুদ্ধি এবং অসাধারণ বিচারশক্তি।
- উদ্দীপকের যুবকরা কঠিন মনোবল, সহিষ্ণুতা ও ক্ষমাশীলতা দিয়ে চেয়েছেন সমাজ পরিবর্তন করতে। অন্যদিকে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে মহানবি হযরত মুহম্মদ (স.)-এর আদর্শ জীবন ও বিভিন্ন চারিত্রিক বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে। যুবকদের কর্মকাণ্ডে মুহম্মদ (স.) চরিত্রের কিছু বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে মাত্র। তাই বলা যায় যে, উদ্দীপকে উল্লিখিত যুবকদের কর্মকাণ্ডে মুহম্মদ (স.) চরিত্রের মানবীয় গুণাবলির সব দিক চিত্রিত হয়নি।

সারকথা : উদ্দীপকে উল্লিখিত যুবকদের কর্মকাণ্ডে মুহম্মদ (স.) চরিত্রের কতিপয় গুণাবলির প্রকাশ ঘটেছে, সব দিক চিত্রিত হয়নি।

www.abswer.com

www.abswer.com



## শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার সৃজনশীল প্রশ্ন ও উত্তর — মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক নির্বাচিত

### প্রশ্ন ৬ ▸ বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ

আইয়ামে জাহেলিয়া → হযরত মুহম্মদ (স.) → নবুয়্যত লাভ

আড়ম্বরহীনতা → ক্ষমাশীলতা ও মানবতাবোধ → শান্তি প্রতিষ্ঠা

ক. শেষ পর্যন্ত হযরত মুহম্মদ (স.)-এর মৃত্যুশয্যার পার্শ্বে কে ছিলেন? ১

খ. মহামতি আবু বকর (রা.) গম্ভীরভাবে জনতার মধ্যে দাঁড়ালেন কেন? ২

গ. উদ্দীপকের কোন গুণগুলো হযরত মুহম্মদ (স.)-এর জীবনে ফুটে উঠেছে? 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৩

ঘ. "হযরত মুহম্মদ (স.) মানবীয় গুণাবলির সমন্বয়ে সর্বশ্রেষ্ঠ মানুষ।"— 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের আলোকে যৌক্তিক মূল্যায়ন কর। ৪

### ৬নং প্রশ্নের উত্তর

**ক জ্ঞান**

- শেষ পর্যন্ত হযরত মুহম্মদ (স.)-এর মৃত্যুশয্যার পার্শ্বে ছিলেন মহামতি আবুবকর (রা.)।

**খ অনুধাবন**

- হযরত মুহম্মদ (স.)-এর মৃত্যুর কথা প্রচারিত হলে অশান্ত জনতাকে শান্ত করার উদ্দেশ্যে মহামতি আবু বকর (রা.) গম্ভীরভাবে জনতার মধ্যে দাঁড়ালেন।
- মহানবি হযরত মুহম্মদ (স.) মানবীয় গুণাবলি দ্বারা মানুষের মন আকর্ষণ করেছিলেন। বিশ্বের এই মহামানবের মৃত্যু তাই কেউ সহজে মেনে নিতে পারছিলেন না। তাঁর মানবপ্রেম, সত্যনিষ্ঠা, ক্ষমা, মহত্ত্ব, সাধনা, ত্যাগ, কল্যাণচিন্তা বিশ্বের সমগ্র মানুষের জন্য অনুকরণীয় আদর্শ। হযরত মুহম্মদ (স.)-এর মৃত্যুর পর তাঁর অনুসারীদের মধ্যে যে বেদনা ও হতাশা দেখা দিয়েছিল তা প্রশমন করার জন্য হযরত আবু বকর (রা.) মহানবি (স.)-এর জীবনের বৈশিষ্ট্য তুলে ধরে প্রচণ্ড শোকে আচ্ছন্নদের শান্ত করেন।

> সারকথা : মহানবি হযরত মুহাম্মদ (স.) সর্বকালের শ্রেষ্ঠ মহাপুরুষ। তাঁর মৃত্যুতে গভীর শোকে বেদনাহতদের সান্ত্বনা দিতে মহামতি আবু বকর (রা) জনতার সামনে দাঁড়ান।

**গ প্রয়োগ**

- উদ্দীপকে উল্লিখিত আড়ম্বরহীনতা, ক্ষমাশীলতা ও মানবতাবোধ গুণগুলো 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে হযরত মুহম্মদ (স.)-এর জীবনে ফুটে উঠেছে।
- মানুষে মানুষে মমতার বন্ধনে আবদ্ধ হয়েই সুন্দর সমাজ গড়ে ওঠে। মানবতাবোধ মানুষকে সত্যিকারের মানুষ করে তোলে। যুগে যুগে মহামানবেরা এই মানবতাবোধই মানব সমাজে পৌঁছে দিয়েছেন। তাঁরা ক্ষমাশীলতার মতো মহৎ গুণ দ্বারা জগতে শান্তি ও কল্যাণ স্থাপন করেন।
- 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে মহানবি (স.)-এর মানবীয় গুণাবলির কথা বলা হয়েছে। মক্কার শ্রেষ্ঠ বংশে জন্মগ্রহণ করেও তাঁর মনে কোনো বংশগৌরব ছিল না। তাঁর জীবনযাপনে কোনো জাঁকজমক বা আড়ম্বরতা ছিল না। শত্রুর অত্যাচারে জর্জরিত হয়েও কখনো অভিশাপ দেননি। তাঁকে হত্যা করতে আসা চরম শত্রুকেও তিনি ক্ষমা করে দিয়েছেন; তাকে সত্য ও ন্যায়ের পথ দেখিয়েছেন। আর উদ্দীপকে আড়ম্বরহীনতা, ক্ষমাশীলতা ও মানবতাবোধের কথা উল্লেখ করে মহানবি (স.)-এর মানবপ্রেমের কথাই বলা হয়েছে। হযরত ছিলেন মানুষের নবি। তাই মানুষের জন্য যা আচরণীয় তিনি তারই আদর্শ প্রতিষ্ঠা করে গেছেন।

> সারকথা : মহানবি (স.) আড়ম্বরহীন জীবন-যাপন করতেন। তিনি মানুষের মঙ্গলের জন্য কাজ করেছেন। ক্ষমা ও মানবতা বোধের জন্য তিনি সর্বকালের শ্রেষ্ঠ মহাপুরুষ। 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধ ও উদ্দীপকে এ বিষয়টি প্রতিফলিত হয়েছে।

**ঘ উচ্চতর দক্ষতা**

- "হযরত মুহম্মদ (স.) মানবীয় গুণাবলির সমন্বয়ে সর্বশ্রেষ্ঠ মানুষ।"— উক্তিটি যথার্থ।
- মানুষ সৃষ্টির সেরা জীব। জন্মগ্রহণ করলেই প্রকৃত মানুষ হওয়া যায় না। মানুষ তখনই সত্যিকারের মানুষ হয়ে ওঠে যখন তার মাঝে মানবীয় গুণাবলির বহিঃপ্রকাশ ঘটে।
- উদ্দীপকে মহানবি হযরত মুহম্মদ (স.)-এর মানবীয় গুণাবলি এবং তা প্রয়োগ করে তৎকালীন আরব সমাজে শান্তি প্রতিষ্ঠার দিকটি নির্দেশ করা হয়েছে। এখানে উল্লিখিত আড়ম্বরহীনতা, ক্ষমাশীলতা ও মানবতাবোধ এই গুণগুলো ধারণ করে তিনি কীভাবে বিশ্বে শান্তি প্রতিষ্ঠা করেছিলেন তা তুলে ধরা হয়েছে। 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে মহনবি (সা.)-এর এসব গুণ সম্পর্কে আলোকপাত করা হয়েছে। তিনি সাধারণ মানুষের মতো জীবনযাপন করে গেছেন। তাঁর সাধনা, ত্যাগ, কল্যাণচিন্তা ছিল বিশ্বের সমগ্র মানুষের জন্য অনুকরণীয় আদর্শ।
- অনাড়ম্বর জীবনযাপন, প্রেম, দয়া, মানবতা, মমত্ববোধ এসব গুণের সমন্বয়ে হযরত মুহম্মদ (স.) হয়ে উঠেছিলেন সর্বশ্রেষ্ঠ মানুষ। মহানবি (স.) মানবকল্যাণে আত্মনিয়োগ করে একদিকে ছিলেন সত্যের সাধক অন্যদিকে ছিলেন উদার ও ক্ষমাশীল। সত্য প্রচারে তিনি ছিলেন বজ্রের মতো কঠিন, আবার দুঃস্থ মানুষের জন্য ছিল তাঁর কোমল হৃদয়। মহানবি (স.) ছিলেন মানুষের নবি। তাই মানুষের জন্য যা আচরণীয় তিনি তারই আদর্শ প্রতিষ্ঠা করে গেছেন। এসব দিক বিচারে তাই বলা যায়, প্রশ্নোক্ত মন্তব্যটি যথার্থ।

> সারকথা : সত্য প্রচারে মহানবি (স.) ছিলেন বজ্রের মতো কঠিন এবং মানবতার দিক দিয়ে ছিলেন কুসুম-কোমল স্বভাবের। উদ্দীপকের ছকে এবং 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের তার প্রতিফলন ঘটেছে। এ কারণে প্রশ্নোক্ত মন্তব্যটি যথার্থ।

www.abswer.com

www.abswer.com



**প্রশ্ন ৭ ▸ ব্লু বার্ড স্কুল এন্ড কলেজ, সিলেট**

হযরত আবুবকর (রা.) হযরতের মহান বাণী শুনিয়ে শোকে মর্মাহত বিহ্বলিত মুসলমানদের বুঝিয়ে দিলেন তিনিও মানুষ, তিনিও মৃত্যুর অধীন।

ক. 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে 'স্থিতধী' বলা হয়েছে কাকে? ১
খ. "কেহবা পাগলের মতো কাণ্ড শুরু করে"— কেন? ২
গ. উদ্দীপকটি 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধটির কোন সময় ও দিক নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ভাবার্থে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের মূলভাব প্রতিফলিত হয়নি— বিশ্লেষণ কর। ৪

**৭নং প্রশ্নের উত্তর**

### ক জ্ঞান

- 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে হযরত আবুবকর (রা.)-কে 'স্থিতধী' বলা হয়েছে।

### খ অনুধাবন

- "কেহবা পাগলের মতো কাণ্ড শুরু করে"— হযরত মুহম্মদ (স.)-এর মৃত্যুর কথা শুনে।
- হযরত মুহম্মদ (স.)-এর মৃত্যু সংবাদ যখন মদিনায় ছড়িয়ে পড়ে তখন সমগ্র মদিনায় যেন অন্ধকার নেমে আসে। সবাই এক রকম নীরব ও নিস্তব্ধ হয়ে যায়। আবার কেউ পাগলের মতো আচরণ করতে শুরু করে। প্রসঙ্গত হযরতের অসুস্থতার খবর শুনতে অনেক মানুষ একত্রে জমায়েত হয়েছিল। এমন সময় কেউ একজন তাঁর মৃত্যুর খবর ঘোষণা করে। মূলত হযরতের মৃত্যুর খবর প্রচারিত হওয়ার পর সমবেত জনতার মনে এক মর্মান্তিক শোকাবহ অবস্থার সৃষ্টি হয়। এ সময় তাঁর শোকে তাদের কেউ কেউ পাগলের মতো হয়ে গিয়েছিল। একথা বোঝাতে প্রশ্নোক্ত উক্তিটি করা হয়েছে।

সারকথা : হযরত মুহম্মদ (স.)-এর মৃত্যুশোক সহ্য করতে না পেরে তাঁর আদর্শ অনুসারীদের অনেকেই পাগলের মতো আচরণ শুরু করে। এখানে সেই দিকটিকে নির্দেশ করা হয়েছে।

### গ প্রয়োগ

- উদ্দীপকটি 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে হযরত মুহম্মদ (স.)-এর মৃত্যু সংবাদ ও তৎপরবর্তী সময়কে নির্দেশ করেছে।
- মানুষ মরণশীল। ধনী-গরিব, রাজা-প্রজা, মহাপুরুষ, উত্তম-অধম সব মানুষকেই মৃত্যুবরণ করতে হবে। এ সত্য জানা সত্ত্বেও ক্ষমতাবান ও উচ্চাভিলাষী মানুষ অনেক সময় সৃষ্টির এই অমোঘ বিধানকে তাচ্ছিল্য করতে চায়।
- উদ্দীপকে দেখা যায়, হযরত আবুবকর (রা.) হযরতের মহান বাণী শুনিয়ে শোকে মর্মাহত ও বিহ্বল মুসলমানদের বুঝিয়েছিলেন তিনিও মানুষ, তিনিও মৃত্যুর অধীন। একইভাবে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধেও হযরতের অসুস্থতার খবর শুনতে মদিনায় আসা জমায়েত লোকদেরকে শান্ত করেছিলেন। মহানবি (স.)-এর মৃত্যু হয়েছে। খবর শুনে হযরত ওমর (রা.) বলেন যে, যে বলবে হযরত মারা গেছেন তার মাথা যাবে। মৃত্যুর খবর শুনে সমবেত জনতাও অস্থির হয়ে ওঠে। তখন মদিনার সমবেত জনতাকে শান্ত করতে হযরত আবুবকর (রা.) বলেন, যারা হযরতের অনুসারী তারা জানুক তিনি মারা গেছেন। সেই সাথে তিনি আল্লাহর সুস্পষ্ট বাণীর কথা উল্লেখ করেন— মুহম্মদ (স.) আল্লাহর রাসুল ছাড়া আর কেউ নন, তাঁর পূর্বে অনেক রাসুল মারা গেছেন। উদ্দীপকেও 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের হযরতের মৃত্যু ও তার পরবর্তী সময়ের দিকটি নির্দেশ করা হয়েছে।

সারকথা : 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে হযরত আবু বকর (রা.)-এর ভূমিকা এবং উদ্দীপকে প্রতিফলিত তাঁর ভূমিকা পরস্পর সাদৃশ্যপূর্ণ। উভয় ক্ষেত্রেই হযরত আবুবকর (রা.)-এর দায়িত্বশীলতা এবং দৃঢ়তা প্রকাশ পেয়েছে।

### ঘ উচ্চতর দক্ষতা

- উদ্দীপকের ভাবার্থে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের মূলভাব প্রতিফলিত হয়নি— উক্তিটি যথার্থ।
- মহৎ মানুষের শারীরিক মৃত্যু হলেও কাজের মধ্য দিয়ে তাঁরা চিরস্মরণীয় হয়ে থাকেন। তাঁদের আদর্শ, চেতনা, মূল্যবোধ মানুষকে যুগ যুগ ধরে প্রেরণা জোগায়, সত্যের পথে আহ্বান করে। এমনই একজন মহাপুরুষ ছিলেন মহানবি হযরত মুহম্মদ (স.)।
- 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে লেখক বলেছেন, হযরতের মৃত্যু সংবাদ মদিনায় প্রচারিত হলে মদিনায় সমবেত জনতা তা মানতে পারেনি। এমনকি হযরত ওমর (রা.) আরও বেশি উত্তেজিত হয়ে পড়েন। এমন সময় সমবেত জনতার উদ্দেশে হযরত আবুবকর (রা.) বলেন, যারা রাসুলের অনুসারী তারা জানুক হযরত মারা গেছেন। আল্লাহর বাণী উল্লেখ করে তিনি আরও বলেন, মুহম্মদ (স.) একজন রাসুল মাত্র। এরকম রাসুল আগেও এসেছেন এবং মারা গেছেন। তিনি বলেন, মুহম্মদ (স.) চলে গেছেন কিন্তু তিনি পৃথিবীতে যে সত্য রেখে গেছেন তা কি তোমরা মাথা পেতে নেবে না? এরপর ওমরসহ সমবেত জনতা শান্ত হয়। এ প্রবন্ধে লেখক মুহম্মদ (স.)-এর কর্মজীবন ও তাঁর নানা চারিত্রিক বৈশিষ্ট্যের নানা দিক তুলে ধরেছেন। মুহম্মদ (স.) চরিত্রের ত্যাগ, তিতিক্ষা, ক্ষমা, ইসলাম প্রচারসহ আরও নানা দিক এ প্রবন্ধে প্রতিফলিত হয়েছে। তিনি অত্যাচারিত হয়ে মদিনায় হিজরত করতে বাধ্য হয়েছিলেন কিন্তু মক্কা বিজয়ের পর কাফেরদের মাফ করে দেন— এসব এ প্রবন্ধে প্রতিফলিত হয়েছে। কিন্তু উদ্দীপকে কেবল মুহম্মদ (স.)-এর মৃত্যুর পর অশান্ত জনতাকে আবুবকর (রা) কীভাবে আল্লাহর বাণী শুনিয়ে শান্ত করেছেন সে কথাই উঠে এসেছে।
- উদ্দীপক ও 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের তুলনায় দেখা যায়, উদ্দীপকে যে কয়টি বিষয়ের অবতারণা হয়েছে তা প্রবন্ধের খণ্ডাংশ মাত্র। তাই বলা যায়, উদ্দীপকের ভাবার্থে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে মূলভাব প্রতিফলিত হয়নি।

সারকথা : উদ্দীপকে হযরত আবুবকর (রা.)-এর দৃঢ়তা এবং দায়িত্বশীল নেতৃত্ব গুণের প্রতিফলন ঘটেছে। এই বিষয়টি 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের অন্যতম একটি বিষয়। এখানে মহানবি (স.)-এর মৃত্যুর সংবাদ শুনে উত্তেজিত জনতাকে শান্ত করার ভূমিকাটি তুলে ধরা হয়েছে। এই বিষয়টি ছাড়াও প্রবন্ধে মহানবি (স.)-এর মানবীয় গুণাবলি, মুসলমানদের উদ্দেশে তাঁর বাণী ইত্যাদি বিষয় রয়েছে, যা উদ্দীপকে নেই।

www.abswer.com

www.abswer.com



## ১০০% প্রস্তুতি উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

অনুচ্ছেদ ও লাইনের ধারায় প্রণীত

### ১০০% প্রস্তুতি উপযোগী জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

#### ● এসএসসি পরীক্ষার প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ১ ▶** 'পুলকদীপ্তি' অর্থ কী? [সি. বো. '২০]

**উত্তর :** 'পুলকদীপ্তি' অর্থ আনন্দের উদ্ভাস।

**প্রশ্ন ২ ▶** ছাত্রজীবনে মোহাম্মদ ওয়াজেদ আলী কোন আন্দোলনে যোগ দিয়েছিলেন? [সকল বোর্ড ২০১৮]

**উত্তর :** ছাত্রজীবনে মোহাম্মদ ওয়াজেদ আলী 'অসহযোগ আন্দোলনে' যোগ দিয়েছিলেন।

**প্রশ্ন ৩ ▶** 'মানুষ মুহম্মদ (স.)' রচনাটি কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে? [কু. বো. '১৭]

**উত্তর :** 'মানুষ মুহম্মদ (স.)' রচনাটি 'মরুভাস্কর' গ্রন্থ থেকে নেওয়া হয়েছে।

**প্রশ্ন ৪ ▶** তায়েফের অবস্থান কোথায়? [চ. বো. '১৭]

**উত্তর :** তায়েফের অবস্থান সৌদি আরবের দক্ষিণে।

**প্রশ্ন ৫ ▶** পৌত্তলিক শব্দের অর্থ কী? [দি. বো. '১৬]

**উত্তর :** পৌত্তলিক শব্দের অর্থ মূর্তিপূজক।

**প্রশ্ন ৬ ▶** 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে 'স্থিতধী' বলা হয়েছে কাকে? [রা. বো. '১৫]

**উত্তর :** 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধে 'স্থিতধী' বলা হয়েছে হযরত আবুবকর (রা.)-কে।

**প্রশ্ন ৭ ▶** হযরতের মৃত্যুশয্যার পাশে শেষ পর্যন্ত কে ছিলেন? [সকল বোর্ড '১১]

**উত্তর :** হযরতের মৃত্যুশয্যার পাশে শেষ পর্যন্ত মহামতি আবুবকর (রা) ছিলেন।

#### ● শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ৮ ▶** 'হিজরত'-এর শাব্দিক অর্থ কী? [ময়মনসিংহ জিলা স্কুল]

**উত্তর :** 'হিজরত'-এর শাব্দিক অর্থ পরিত্যাগ।

**প্রশ্ন ৯ ▶** হযরতের ইন্তেকালের পর বহু হাদিস উদ্ধৃত করেন কোন নারী? [মাইলস্টোন কলেজ, ঢাকা]

**উত্তর :** হযরতের ইন্তেকালের পর বহু হাদিস উদ্ধৃত করেন বিবি আয়েশা (রা.)।

**প্রশ্ন ১০ ▶** ইসলামের দ্বিতীয় খলিফা কে? [আজিমপুর গভ. গার্লস স্কুল এন্ড কলেজ, ঢাকা]

**উত্তর :** হযরত ওমর (রা)।

**প্রশ্ন ১১ ▶** মক্কার পথে-প্রান্তরে কাদের প্রস্তর ঘায়ে তিনি আহত হয়েছিলেন? [শহীদ বীর উত্তম লে. আনোয়ার গার্লস স্কুল, ঢাকা]

**উত্তর :** মক্কার পথে-প্রান্তরে পৌত্তলিকদের প্রস্তর ঘায়ে তিনি আহত হয়েছিলেন।

**প্রশ্ন ১২ ▶** 'তিনি দীর্ঘ নন, খর্ব নন, কৃশ নন' উক্তিটি কার? [ক্যান্টনমেন্ট হাই স্কুল, যশোর]

**উত্তর :** 'তিনি দীর্ঘ নন, খর্ব নন, কৃশ নন'— উক্তিটি আবু মা'বদ-এর স্ত্রী উম্মে মা'বদ-এর।

**প্রশ্ন ১৩ ▶** মোহাম্মদ ওয়াজেদ আলীর গ্রামের নাম কী? [বি এ এফ শাহীন কলেজ, যশোর]

**উত্তর :** মোহাম্মদ ওয়াজেদ আলীর গ্রামের নাম বাঁশদহ।

#### ● মাস্টার ট্রেইনার প্যানেল কর্তৃক প্রণীত প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ১৪ ▶** কোথায় হযরত মুহম্মদ (স.) ভীষণ পরীক্ষার সম্মুখীন হন?

**উত্তর :** তায়েফে সত্য প্রচার করতে গিয়ে হযরত মুহম্মদ (স.) ভীষণ পরীক্ষার সম্মুখীন হন।

**প্রশ্ন ১৫ ▶** কিসের সাধনায় হযরত মুহম্মদ (স.)-এর চরিত্র মধুময় হয়ে উঠেছিল?

**উত্তর :** সত্যের নিবিড় সাধনায়।

